

১০. আবেদনপত্র প্রাপ্তির পর 'সেমিনার কক্ষ' খালি থাকা এবং নীতিমালার অপরাপর শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনকারী প্রতিষ্ঠানকে নির্ধারিত ছকে বরাদ্দপত্র জারী করা হবে।
১১. 'সেমিনার কক্ষ' বরাদ্দ প্রাপ্তির জন্য অত্র কার্যালয়ের 'প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক' বরাবর এ দপ্তর থেকে সরবরাহকৃত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং ১০০০/- (এক হাজার) টাকা পে-অর্ডার/ডি.ডি আকারে জামানত(ফেরতযোগ্য) হিসেবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে; অন্যথায় বুকিং বা আবেদন গ্রহণ করা হবে না। একই পে-অর্ডার বা ডি.ডি দ্বারা জামানত হিসাবে পরপর একাধিক অনুষ্ঠান করা যাবে তবে পে-অর্ডার বা ডি.ডি ইস্যুর তারিখ থেকে ১ বছরের বেশি ব্যবহার করা যাবে না। অনুষ্ঠানের পূর্বে ভাড়া গ্রহণের পাকা রশিদ ভাড়া গ্রহীতাকে সংগ্রহ করতে হবে এবং 'সেমিনার কক্ষ' ব্যবহারের সময় পাকা রশিদ প্রদর্শনপূর্বক ভাড়া গ্রহীতাকে 'সেমিনার কক্ষ' ব্যবহারের জন্য খুলে দেয়া হবে;
১২. আবেদনকারী সংস্থা (যিনি ভাড়া নিবেন) কর্তৃক জামানতসহ 'সেমিনার কক্ষ' বরাদ্দ নেয়ার জন্য আবেদন করার পর তারিখ পরিবর্তন কিংবা অনুষ্ঠান বাতিল করতে হলে সেই ক্ষেত্রে তাদের জামানত হিসাবে জমাকৃত ডিডি/পে-অর্ডার থেকে অনুমোদিত ভাড়ার ২৫% অর্থ কর্তন করা হবে। কর্তনকৃত অর্থ পে-অর্ডার/ডি.ডি/নগদ জমা প্রদানপূর্বক যথাযথ আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট জামানত ফেরত নেয়া যাবে। এ দপ্তর কর্তৃক বরাদ্দ প্রদানের পর তারিখ পরিবর্তন কিংবা বাতিল করা হলে জামানত হিসেবে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে। আবেদনকারীর কোন ধরণের আপত্তি এ ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না;
১৩. সেমিনার কক্ষ ব্যবহারকালীন সময়ে সেমিনার কক্ষের কোন ক্ষতি সাধিত হলে ভাড়া গ্রহীতা সম্পূর্ণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোনরূপ ক্ষয়ক্ষতি না হলে জামানতের অর্থ অনুষ্ঠানের পর যে কোন কার্যদিবসে যথাযথ আবেদনের মাধ্যমে ফেরত নেয়া যাবে।
১৪. এ দপ্তরের নিয়ন্ত্রণ বহির্ভূত বিদ্যুৎ বিভ্রাটের জন্য কর্তৃপক্ষ দায়ী হবে না। নির্ধারিত বিদ্যুৎ সংযোগের বাইরে অতিরিক্ত কোন আলোকসজ্জা বা কোন প্রকার গুটিং এর জন্য বিদ্যুৎ ব্যবহার করা যাবে না।
১৫. অনুষ্ঠান চলাকালে 'সেমিনার কক্ষ' বা তার আশে পাশে শান্তি শৃংখলা বজায় রাখার দায়িত্ব ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠানের।
১৬. 'সেমিনার কক্ষ' বলতে শুধুমাত্র সেমিনার কক্ষটিকেই বুঝাবে, কোন অবস্থাতেই সেমিনার কক্ষের বাহিরের প্রাঙ্গণে কোনরূপ প্যাভেল বা ছাউনি তৈরী, রান্না বা খাওয়ার ব্যবস্থা, মাইক ইত্যাদি ব্যবহার করা যাবে না;
১৭. 'সেমিনার কক্ষ' বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থার এখতিয়ার বহির্ভূত কোন দৈব দুর্বিপাক কিংবা অনিবার্য কোন কারণে নির্ধারিত দিনে অনুষ্ঠান করা সম্ভব না হলে সে ক্ষেত্রে ভাড়া গ্রহীতাকে দায়ী করা হবে না। এক্ষেত্রে ভাড়া গ্রহীতা পরবর্তী সময়ে সেমিনার কক্ষ খালি থাকা সাপেক্ষে ব্যবহার করতে পারবে এবং আলাদা ভাড়া প্রদান করতে হবে না;
১৮. কোন রেয়াতি ভাড়া প্রদানের ক্ষমতা স্থানীয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন না;
১৯. অধিদপ্তর বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক কোন অনুষ্ঠানের জন্য ভাড়া কার্যকর নয়;
২০. সেমিনার কক্ষ বরাদ্দ প্রদান এবং বরাদ্দ বাতিলের ক্ষেত্রে যে কোন সিদ্ধান্তের গ্রহণের পূর্ণ ক্ষমতা স্থানীয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষর
১৩
(সুরাইয়া বেগম এন/ডিসি)
ভারপ্রাপ্ত সচিব